রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১৭, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা**

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ জুলাই ২০০৫/০১ শ্রাবণ ১৪১২

**এস, আর, ও নং ২১৭-আইন/২০০৫।**—আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬ নং আইন) এর ধারা ২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, সরকারের পূর্বানুমোদনক্রমে, আইনগত সহায়তা প্রদান প্রবিধানমালা, ২০০১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত প্রবিধানমালার প্রবিধান ৬ এর উপ-প্রবিধান (১) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(খ) সুপ্রীম কোর্ট ব্যতীত অন্যান্য আদালতে আইনজীবীগণ—

(অ) ফৌজদারী মামলা পরিচালনার ক্ষেত্রে, সহকারী পাবলিক প্রসিকিউটরদের জন্য প্রযোজ্য হারে ফি প্রাপ্য হইবেন; এবং

(আ) ফৌজদারী মামলায় আরজির মুসাবিদা ও আপীল স্মারক প্রস্তুতের জন্য ফি বাবদ সর্বোচ্চ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা প্রাপ্য হইবেন।"।

২। এই প্রজ্ঞাপন ১ আগস্ট, ২০০৫ তারিখ হইতে কার্যকর হইবে।

সংস্থার আদেশক্রমে

**নাসরিন বেগম**
পরিচালক
জাতীয় আইনগত সহায়তা প্রধান সংস্থা।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।



মূল্য ঃ টাকা ২.০০